**Date: September 08, 2023**

| To,<br>**The Secretary,**<br>**BSE Limited,**<br>P.J. Towers,<br>Dalal Street,<br>Mumbai- 400 001<br>Scrip Code: 539542 | To,<br>**The Secretary,**<br>**National Stock Exchange of India Ltd.,**<br>Exchange Plaza, C-1, Block G,<br>Bandra Kurla Complex, Bandera (E),<br>Mumbai – 400 051<br>Symbol: LUXIND |
|---|---|

Respected Sir/Madam,

**Sub: Copy of Newspaper Publication regarding Annual General Meeting (AGM) to be held through Video Conferencing (VC)/ Other Audio-Visual Means (OAVM).**

Further to our letter dated 06th September, 2023 regarding submission of Annual Report 2022-23 including Notice of Annual General Meeting (AGM) and in accordance with relevant provisions of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015 and the Companies Act, 2013, please find enclosed herewith the copy of Newspaper Publication published in leading English newspaper (Business Standard) and in Regional language newspaper (Ei Samay) on September 07, 2023 in which notice containing inter-alia information regarding dispatch of Annual Report and voting facility for the AGM scheduled to be held on Friday 29th September, 2023 have been published.

This is for your information and record.

Thanking You
Yours faithfully,
***For LUX INDUSTRIES LIMITED***

SMITA MISHRA
Digitally signed by SMITA MISHRA
Date: 2023.09.08 13:49:08 +05'30'

**Smita Mishra**
**(Company Secretary & Compliance Officer)**
**M.No:A26489**

Enclosed: as above

### ডিসেম্বরেই এসপ্ল্যানেড-হাওড়া ময়দানের মধ্যে পরিষেবা চালুর পরিকল্পনা

# ১২ মিনিট অন্তর গঙ্গা পার মেট্রোর

**এই সময়:** হাওড়া ময়দান থেকে সল্টলেক সেক্টর-৫ পর্যন্ত অংশে ২০২৪-এর জুনের আগে মেট্রো রেল পরিষেবা চালু করা কঠিন। তবে, এ বছর ডিসেম্বরের মধ্যেই হাওড়া ময়দান থেকে এসপ্ল্যানেড পর্যন্ত ৫.২ কিলোমিটার অংশে বাণিজ্যিক ভাবে মেট্রো পরিষেবা চালু হয়ে যাবে। বুধবার দুপুরে এমনটাই জানালেন কলকাতা মেট্রোরেল কর্পোরেশন লিমিটেডের (কেএমআরসিএল) ম্যানেজিং ডিরেক্টর ভি কে শ্রীবাস্তব।

ইস্ট-ওয়েস্ট মেট্রোর নিরবচ্ছিন্ন পরিষেবার পথে একমাত্র বাধা পূর্বমুখী সুড়ঙ্গের শিয়ালদহ থেকে এসপ্ল্যানেড পর্যন্ত ২.৪ কিলোমিটার লম্বা অংশ। ২০২৪-এর মার্চের আগে এই অংশের কাজ পুরোপুরি শেষ করে ওঠার ব্যাপারে নিশ্চিত নন কেএমআরসিএল কর্তারা। কিন্তু ততদিনের জন্য ইস্ট-ওয়েস্ট মেট্রোর পরিষেবা শুধু শিয়ালদহ থেকে সল্টলেক সেক্টর-৫-এর মধ্যে আটকে রাখতে চাইছেন না তাঁরা। তাই ট্রাঙ্কেটেড সার্ভিস বা খণ্ড পথে পরিষেবা চালু করে দেওয়ার ভাবনা।

অবশ্য এর নেপথ্যে দু'টো বড় কারণ রয়েছে বলেও অনুমান করছে ওয়াকিবহাল মহল। প্রথমত, গঙ্গার নীচ দিয়ে মেট্রোরেল কবে চলবে, সেদিকে নজর গোটা দেশের। দ্রুত এই পথে পরিষেবা চালুর জন্য কেএমআরসিএল-এর ওপর বিপুল চাপ রয়েছে। এছাড়া ২০২৪-এ লোকসভা নির্বাচন। ততদিন পর্যন্ত

**৫.২ কিলোমিটার**

এই পরিষেবা ঝুলে থাকুক, এমনটা কোনও ভাবেই চাইছে না কেন্দ্র। তাই পুরো রুটে ট্রেন না চললে ভাঙা রুটেই চলুক।

বুধবার ভিকে শ্রীবাস্তব বলেন, 'আপাতত আমরা ভেবে রেখেছি হাওড়া ময়দান থেকে এসপ্ল্যানেড পর্যন্ত ৫.২ কিলোমিটার অংশে দু'টো ট্রেন দিয়ে পরিষেবা চালু করে দেব। আপ ও ডাউন দু'টো লাইনেই ট্রেন চলবে। এক-একটি লাইনে ১২ মিনিট অন্তর ট্রেন চালানোর পরিকল্পনা করা হয়েছে। হাওড়া ময়দান থেকে এসপ্ল্যানেড — অর্থাৎ যাত্রার শুরু থেকে শেষ পর্যন্ত যেতে ট্রেনের ১২ মিনিট করে সময় লাগবে।' মাত্র দু'টো ট্রেন দিয়ে পরিষেবা শুরু কেন? এমডির বক্তব্য, হাওড়া ময়দানের দিকে রেক রাখার মতো কোনও ডিপো নেই। এসপ্ল্যানেডের দিকে ক্রস-ওভারেরও জায়গা নেই। ফলে মাত্র ৫ কিলোমিটার দীর্ঘ লাইনে একটার বেশি ট্রেন চালানো যাবে না। এসপ্ল্যানেড থেকে শিয়ালদহ পর্যন্ত অংশ তৈরি হয়ে গেলে তখন এই সমস্যা থাকবে না। হাওড়া ময়দান-এসপ্ল্যানেড পর্যন্ত অংশে যে দু'টো ট্রেন চলবে, ৭ দিন পর পর তাদের সল্টলেক সেন্ট্রাল পার্ক ডিপোতে নিয়ে গিয়ে মেনটেন্যান্সের কাজ করানো হবে।

হাওড়া ময়দান থেকে এসপ্ল্যানেড পর্যন্ত অংশ বাণিজ্যিক ভাবে যাত্রী পরিবহণের জন্য নিরাপদ কি না সেই বিষয়টি খতিয়ে দেখতে কমিশনার অফ রেলওয়ে সেফটির একটি প্রতিনিধিদল নভেম্বরে কলকাতায় আসছেন। তাঁদের পরিদর্শন শেষ হলেই পরিষেবা শুরুর দিনক্ষণ ঘোষণা করা হবে। অতএব, নতুন রুটে মেট্রো রেলের চাকা গড়াতে খুব বেশি দেরি হবে না।



# ইস্ট-ওয়েস্ট সম্প্রসারণে রাজ্যের উত্তর চায় মেট্রো

**এই সময়:** একদিকে যখন হাওড়া ময়দান-এসপ্ল্যানেড ইস্ট-ওয়েস্ট মেট্রো চালুর চেষ্টা চলছে, তখনই অন্য দিকে শিয়ালদহ থেকে সেক্টর ৫-এর চালু রুটকে তেঘরিয়া পর্যন্ত সম্প্রসারণের কাজে নড়েচড়ে বসল কেএমআরসিএল। পুরোটাই ইস্ট-ওয়েস্ট মেট্রোর (গ্রিন লাইন) প্রকল্প। যদিও সেক্টর ৫ থেকে তেঘরিয়া

**নজরে সেক্টর ৫-হলদিরাম**

- রুটের দৈর্ঘ্য: ৬.৫০ কিমি
- প্রকল্পের খরচ: ২,৩৬৫ কোটি
- আন্ডারগ্রাউন্ড: ১.৫ কিমি
- এলিভেটেড: ৫ কিমি
- স্টেশন: কেষ্টপুর, দমদম পার্ক, বাগুইআটি, রঘুনাথপুর, তেঘরিয়া

### খরচের অর্ধেক বহনের আর্জি

পর্যন্ত প্রস্তাবিত রুটে এখনও কোনও কাজই শুরু হয়নি। এক্ষেত্রে অর্থবরাদ্দ নিয়েই মূল সমস্যা। ৬.৫ কিলোমিটার দীর্ঘ এই অংশটি নির্মাণের জন্য আনুমানিক ২,৩৬৫ কোটি টাকা খরচ হতে পারে। এই খরচের অন্তত ৫০ শতাংশ বহন করুক রাজ্য সরকার — এই মর্মে কেএমআরসিএল একাধিক বার চিঠি দিয়েছিল পশ্চিমবঙ্গ সরকারকে। কিন্তু এখনও পর্যন্ত সেই আবেদনে সাড়া দেয়নি রাজ্য।


বুধবার কেএমআরসিএল-এর ম্যানেজিং ডিরেক্টর ভি কে শ্রীবাস্তব বলেন, 'আমরা মোট খরচের ৫০ শতাংশ বহন করার জন্য রাজ্য সরকারের কাছে জানিয়েছিলাম। এখনও পর্যন্ত পশ্চিমবঙ্গের মুখ্যসচিব এই বিষয়ে কোনও আগ্রহ দেখাননি। যদি সরকার আগ্রহী না হয়, সেটা আমাদের জানালে আমরাও রেলবোর্ডের কাছে পুরো খরচ বহন করার কথা জানাব।' এই অংশের কাজ শুরুর ক্ষেত্রে জমি অধিগ্রহণ বড় সমস্যা হবে না বলে জানান এমডি। তাঁর বক্তব্য, শহরের বিভিন্ন প্রান্তে কলকাতা মেট্রোর যে প্রকল্পগুলো চলছে, তার একাধিক জায়গায় রাজ্য সরকারের সক্রিয় সহযোগিতায় জমিজট কেটেছে। অতি সম্প্রতি কলকাতা মেট্রোর অরেঞ্জ লাইনের টেকনোপলিস স্টেশন তৈরির জন্যও নতুন জায়গা বাছাইয়ে মেট্রোকে সাহায্য করেছিল রাজ্য সরকার।

## নিখোঁজ রেলকর্মী

**এই সময়, বারাসত:** টিকিট কাউন্টারে ডিউটি ছিল রেলকর্মী সোহম দে-র। সেই মতো মঙ্গলবার রাত দশটা নাগাদ ডিউটিতে যোগ দেন। ভোরে যাত্রীরা এসে দেখেন টিকিট কাউন্টারে তালা। সকাল ন'টার সময় রেলের অন্য এক কর্মী এসে কাউন্টারে বসেন সোহমকে ফোন করেও যোগাযোগ করা যায়নি। রেল মিসিং ডায়েরি করেছে। বুধবার বারাসত-হাসনাবাদ শাখার সণ্ডালিয়া স্টেশনের ঘটনা। তালা লাগিয়ে বেরিয়ে গিয়েছিলেন রেলকর্মী। টিকিট কাউন্টার খোলা না থাকায় অনেকেই টিকিট কাটতে পারেননি। তাই বিনা টিকিটেই ট্রেনে চড়লেন যাত্রীরা।

জয় জগন্নাথ
নিউ সি হক (পুরী)
We have no connection with Hotel Sea Hawk Digha
Ph.(06752) 231500,231400
E-mail: hotelnewseahawk@yahoo.co.in
www.hotelnewseahawk.com
পুলিনপুরী (পুরী)
Ph.(06752) 222360,220700
E-mail: hotelpulinpuri@yahoo.com
www.hotelpulinpuri.com
Kolkata.Booking: (033) 2289 7578
460 22458, 9007857627, 9831289141

# ভিডিয়ো কল স্ত্রীকে, গলায় ফাঁস যুবকের



**এই সময়:** স্ত্রীকে ভিডিয়ো কল করে গলায় দড়ি দিয়ে আত্মঘাতী হলেন স্বামী। মঙ্গলবার রাত বারোটা নাগাদ ঘটনাটি ঘটে দক্ষিণ শহরতলির মহেশতলার ভাঙ্গিপাড়ায়। অভিযোগ, মৃতের স্ত্রী স্বামীকে বলেছিলেন,'তুই গলায় দড়ি দিয়ে মর।' মৃতের পরিজনদের অনুমান, স্ত্রীর কথার জেরেই এই বিপত্তি হতে পারে। ঘটনার তদন্ত শুরু করেছে মহেশতলা থানা। পুলিশ জানিয়েছে, মৃতের নাম মেহেরাজ খান (৩০)। আকরা জগন্নাথ নগর উত্তর খান পাড়ায় তাঁর বাড়ি। স্ত্রীর নাম মুসকান বিবি। এই দম্পতির বছর পাঁচেকের এক পুত্র সন্তানও রয়েছে।

### মহেশতলা

প্রাথমিক তদন্তের পরে পুলিশ জানতে পেরেছে, গত বুধবার মেহেরাজ ও মুসকানের মধ্যে তুমুল ঝগড়া হয়। অভিযোগ, ঝগড়ার সময় মেহেরাজ মুসকানকে মারধর করেন। এই নিত্য সাংসারিক অশান্তি এড়াতে মেহেরাজ বাবার বাড়ি ছেড়ে মাস কয়েক ধরে ভাঙ্গি পাড়ায় ঘর ভাড়া নিয়ে থাকা শুরু করেন। এলাকার বাসিন্দারা জানান, গত বুধবার স্বামী স্ত্রীর অশান্তি হলে ভাড়া বাড়িতে এসে মেহেরাজকে মারধর করে মেয়ে আর নাতিকে নিয়ে নিজের বাড়ি চলে যান মুশকানের বাবা। দিন পাঁচেক পরে মঙ্গলবার বিকেলে মেহেরাজ তাঁর শ্বশুর বাড়িতে যান ছেলেকে আনতে। সেখানেও তাঁকে ফের মারধর করা হয় বলে অভিযোগ।

অভিযোগ, স্ত্রী মুসকানকে ফিরে আসতে বললে তিনি রাজি হননি উল্টে স্বামীকে বলেছিলেন, 'তোর সঙ্গে সংসার করব না। তুই গলায় দড়ি দিয়ে মর।' এই কথা শুনে একাই বাড়িতে ফেরেন মেহেরাজ। এই ঘটনার পরেই প্রতিবেশী এক মহিলাকে মেহেরাজের শাশুড়ি ফোন করে জানান, জামাই ভিডিয়ো কল করে গলায় ফাঁস দিয়েছে। এই খবর পেয়ে প্রতিবেশীরা মহেশতলা থানায় খবর দিলে পুলিশ দরজা ভেঙে ভিতরে ঢুকে ঝুলন্ত দেহ উদ্ধার করে। তবে ঘর থেকে কোনও সুইসাইড নোট পাওয়া যায়নি বলে পুলিশ জানিয়েছে।

# তৃণমূল-কংগ্রেস-তৃণমূল, ঝালদায় ফের পালাবদল

**এই সময়, পুরুলিয়া:** ঘাত-প্রতিঘাতের ঝালদা পুরসভা ফের শিরোনামে। কংগ্রেস কাউন্সিলার তপন কান্দু খুন হওয়ার পর থেকে পুরুলিয়ার এই মফস্‌সল শহর বরাবরই আলোচনার কেন্দ্রে থেকেছে। কংগ্রেস পরিচালিত সেই পুরসভা এবার চলে গেল তৃণমূলের দখলে। বুধবার পুরসভার চেয়ারম্যান সমেত পাঁচ কাউন্সিলার যোগ দেন তৃণমূলে। এমনকী নিহত তপন কান্দুর ভাইপো মিঠুন কান্দুও যোগ দিয়েছেন জোড়াফুলে। এমন ঘটনায় নিহত তপন কান্দুর স্ত্রী তথা ঝালদা পুরসভার উপ পুরপ্রধান পূর্ণিমা কান্দু বলেন, 'আমার ঘৃণা হচ্ছে। এটা বেইমানি ছাড়া আর কিছু নয়। কিছুতেই মেনে নিতে পারছি না।'

এদিন রাতে বাঘমুন্ডি বিধানসভা কেন্দ্রের তৃণমূল কার্যালয়ে এসে যোগ দেন চেয়ারম্যান শীলা চট্টোপাধ্যায়, নির্দল কাউন্সিলার সোমনাথ কর্মকার, কংগ্রেস কাউন্সিলার বিজয় কান্দু, পিন্টু চন্দ্র এবং মিঠুন কান্দু। তাঁদের হাতে দলের পতাকা তুলে দেন বাঘমুন্ডির তৃণমূল বিধায়ক সুশান্ত মাহাতো ও পুরুলিয়া জেলা পরিষদের সহ সভাধিপতি সুজয় বন্দ্যোপাধ্যায়। গত ১০ ফেব্রুয়ারি কংগ্রেসের হয়ে ঝালদা পুরসভায় চেয়ারম্যান নিযুক্ত হন শীলা। সাত মাসেই তিনি দলবদলুর তকমা পেলেন।

গত পুর নির্বাচনে ঝালদার ১২টি আসনের মধ্যে পাঁচটি করে আসন পায়

### দলবদলেই দখল

কংগ্রেস ও তৃণমূল। দু'টি আসনে জয়ী হন নির্দল প্রার্থীরা। দুই জয়ী নির্দল প্রার্থী শীলা চট্টোপাধ্যায় ও সোমনাথ কর্মকারের সমর্থন নিয়ে ঝালদায় বোর্ড গঠন করে তৃণমূল। এর পর ওই দুই নির্দল কাউন্সিলার কংগ্রেসে যোগ দেন। ঝালদায় বোর্ড গড়ে কংগ্রেস। এর মধ্যে একের পর এক মামলায় জর্জরিত হতে থাকে ঝালদা পুরসভা। ২ নম্বর ওয়ার্ডের কংগ্রেস কাউন্সিলার তপন কান্দুর হত্যার বিষয়টিও উঠে আসতে থাকে। এই হত্যাকাণ্ডের জন্য কংগ্রেস দায়ী করে তৃণমূলকে। কাকার আসন থেকে উপনির্বাচনে লড়ে জয়ী হন ভাইপো মিঠুন কান্দু। সেই মিঠুন এদিন তৃণমূলের পতাকা ধরায় কার্যত হতবাক হয়ে যান এলাকার মানুষ। জেলা কংগ্রেস সভাপতি নেপাল মাহাতো বলেন, 'ব্ল্যাকমেলের রাজনীতি করছে তৃণমূল। এর সঙ্গে যুক্ত হয়েছে প্রলোভন। তাতেই আত্মসমর্পণ করেছেন চলে যাওয়া কাউন্সিলাররা।' মিঠুনের প্রতিক্রিয়া, 'আদালতের তত্ত্বাবধানে তদন্ত চলছে। উন্নয়নের স্বার্থেই আমি তৃণমূলে যোগ দিয়েছি।' অন্য দিকে, শীলা চট্টোপাধ্যায় জানিয়েছেন, ঝালদায় জলপ্রকল্পের জন্য উদ্যোগ নিয়েছে তৃণমূল। মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নের সাথী হতেই তৃণমূলে যোগ দিয়েছেন তাঁরা।

এলাকার বাসিন্দাদের প্রশ্ন, ভবিষ্যতে এই দুই জয়ী নির্দল কাউন্সিলারের বিশ্বাসযোগ্যতা কি আদৌ থাকবে?

# জামিন চেয়ে হাইকোর্টে পার্থ



**এই সময়:** জামিন পেতে এবার কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেন নিয়োগ দুর্নীতি মামলায় জেলবন্দি রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়। এর আগে নিম্ন আদালতে একাধিকবার তাঁর তরফে জামিনের আবেদন হয়েছে, কখনও বিচারকের অনুমতি নিয়ে নিজেও সওয়াল করেছেন পার্থ--কিন্তু জামিন মেলেনি। গ্রেপ্তারির এক বছরেরও বেশি সময় বাদে এবার জামিন চেয়ে হাইকোর্টের দ্বারস্থ হলেন তিনি। বিচারপতি তীর্থঙ্কর ঘোষের এজলাসে আবেদনের পরবর্তী শুনানি হবে ৯ অক্টোবর। নিয়োগ দুর্নীতি মামলায় গ্রেপ্তারের পরে জামিন চেয়ে হাইকোর্টে আবেদন করেছেন এসএসসি প্রাক্তন চেয়ারম্যান থেকে মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি। তাঁদের জামিনের আবেদন খারিজ হয়েছে। কিছুদিন আগে নিয়োগ মামলায় ধৃত মানিক ভট্টাচার্যের স্ত্রী হাইকোর্ট থেকে জামিন পাওয়ার পরে পার্থর এই আবেদন তাৎপর্যপূর্ণ বলে মনে করছেন আইনজীবীদের একাংশ।

**পশ্চিমবঙ্গ সরকার**

**কৃষি বিভাগ**

২০২৩-২৪ বর্ষে সরকারি ভরতুকিতে কৃষি যন্ত্রপাতি ক্রয়ের সুবর্ণ সুযোগ

স্মারক সংখ্যা :180-20/HQ তারিখ: 04.09.2023

# কৃষকবন্ধু (নতুন) প্রকল্পে নিবন্ধীকৃত যে কোনও কৃষক, সরকারি যে কোনও দপ্তর দ্বারা স্বীকৃত কৃষকগোষ্ঠী, কৃষি সমবায় বা সংস্থা মাটির কথা ওয়েবসাইটের (www.matirkatha.net) মাধ্যমে আগামী ০৮.০৯.২০২৩ (সকাল ১১ টা) থেকে ২৫.০৯.২০২৩ (বিকাল ৫ টা) পর্যন্ত ভরতুকিতে কৃষি যন্ত্রপাতি ক্রয়/কৃষিযন্ত্র ভাড়াকেন্দ্র স্থাপনের জন্য আবেদন করতে পারবেন।

# অনলাইনে পূরণ করা আবেদনপত্রের ছাপানো প্রতিলিপি, সমস্ত প্রাসঙ্গিক নথিসহ সংশ্লিষ্ট ব্লক (FSSM ও OTA-SFI-র ক্ষেত্রে)/জেলা (CHC ও FMB-র ক্ষেত্রে) কৃষিকরণে ২৫.০৯.২০২৩ (বিকাল ৫টা) এর মধ্যে জমা দিতে হবে।

# FSSM প্রকল্পে পাওয়ার টিলার ও সোলার পাম্প নিতে আগ্রহী কৃষকের কমপক্ষে ১.০ একর জমির মালিকানা থাকতে হবে।

# কম্বাইন হারভেস্টর, ট্রাক্টর, কিষান ড্রোন প্রভৃতি সমন্বিত কৃষিযন্ত্র ভাড়াকেন্দ্র স্থাপনের জন্য CHC স্কিমে ভরতুকি প্রকল্পব্যয়ের ৪০% বা ন্যূনতম ৮ লক্ষ টাকা।

# FMB প্রকল্পে ন্যূনতম প্রকল্প ব্যয় ১০ লক্ষ টাকা ও ভরতুকির পরিমাণ ৮০% বা সর্বাধিক ৮ লক্ষ টাকা।

# পাওয়ার টিলার, সোলার পাম্পসেট প্রভৃতি শক্তিচালিত যন্ত্রের জন্য FSSM-প্রকল্পে ভরতুকি - যন্ত্রভেদে ৫০-৬০% বা সর্বোচ্চ ৩ লক্ষ টাকা।

# স্প্রেয়ার, থ্রেশার প্রভৃতি ছোট যন্ত্রের জন্য OTA-SFI প্রকল্পে ভরতুকি মোট দামের ৫০% বা সর্বোচ্চ ১০,০০০ টাকা।

# FSSM & OTA-SFI প্রকল্পে আবেদনপত্র মঞ্জুর হওয়ার সর্বাধিক ১৫ দিনের মধ্যে (সোলার পাম্পের ক্ষেত্রে সর্বাধিক ৪৫ দিন) নির্ধারিত কৃষিযন্ত্র সরকারি তালিকাভুক্ত ডিলারের কাছ থেকে কিনে সংশ্লিষ্ট নথিসহ জমা করতে হবে (FSSM & OTA-SFI-এর ক্ষেত্রে ব্লক কৃষিকরণে, CHC এবং FMB-এর ক্ষেত্রে জেলা কৃষিকরণে)

# কৃষিযন্ত্র ক্রয়ের যাচাই করার পর নির্ধারিত ভরতুকির টাকা সরাসরি উপভোক্তার ব্যাঙ্ক অ্যাকাউন্টে (FSSM, OTA-SFI ও FMB) এবং CHC-র ক্ষেত্রে সাবসিডি রিজার্ভ ফান্ড অ্যাকাউন্টে সরাসরি প্রদান করা হবে।

# এই প্রকল্পে কৃষক সরাসরি নিজের কম্পিউটার বা বাংলা সহায়তা কেন্দ্রের মাধ্যমে বা নিকটস্থ সহ-কৃষি অধিকর্তার করণের সহায়তায় অনলাইনে আবেদন করতে পারেন।

# ২০২৩-২৪ সালে কৃষি বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার দ্বারা প্রকাশিত এই সংক্রান্ত গাইডলাইন অনুসারে প্রকল্পগুলি রূপায়িত হবে।

বিশদে জানতে নিকটবর্তী কৃষি অফিসে যোগাযোগ করুন বা www.matirkatha.net ওয়েবসাইট পরিদর্শন করুন।

ICA-N481(6)/2023

## ক্লাইমেট স্ট্রাইক

**এই সময়:** শিল্পক্ষেত্র-সহ দৈনন্দিন জীবনে জীবাশ্ম জ্বালানির বদলে রিনিউয়েবল এনার্জি ব্যবহারের লক্ষ্যে সরকারি নীতি প্রণয়নের দাবিতে 'ক্লাইমেট স্ট্রাইক'-এর ডাক দিল পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ। 'দেয়ার ইজ নো প্ল্যানেট-বি' এই স্লোগান দিয়ে আগামী ১৫ সেপ্টেম্বর রাজ্যজুড়ে মানববন্ধন করতে চলছেন বিজ্ঞান কর্মীরা। বেলা দেড়টা থেকে দু'টোর মধ্যে রাজ্যের বিভিন্ন জায়গায় দশ মিনিটের জন্য এই মানববন্ধন হবে।

## আত্মঘাতী বৃদ্ধ

**এই সময়:** পিজি হাসপাতালে ডাক্তার দেখিয়ে ফেরার সময় থেকে নিখোঁজ ছিলেন তিন দিন ধরে। সেই রোগীকেই কলকাতা পুলিশ ট্রেনিং স্কুলের পাশে গলায় তারের ফাঁসে ঝুলতে দেখা গেল বুধবার। মৃতের নাম সত্য দাস (৭৫)। বাড়ি উলুবেড়িয়ায়। সোমবার পিজি-তে মেডিসিন আউটডোরে ডাক্তার দেখিয়ে ফেরার সময় থেকেই আর খোঁজ পাওয়া যাচ্ছিল না তাঁর। এ দিন তাঁর অস্বাভাবিক মৃত্যু নজরে আসে।

# কসবার ছাত্রের মৃত্যু-রহস্য লুকিয়ে সেই ১৩ মিনিটেই



**এই সময়:** মৃত্যুর আগে শেষ ১৩ মিনিটেই লুকিয়ে রয়েছে কসবার সিলভার পয়েন্ট স্কুলের দশম শ্রেণির ছাত্রের মৃত্যু রহস্য। স্কুলের সিসিটিভির যে ফুটেজ পুলিশের হাতে এসেছে তাতে দেখা যাচ্ছে দুপুর দুটো দু মিনিট নাগাদ শেখ শান ৬ তলায় ঘোরাঘুরি করছে। কিন্তু তদন্তে সমস্যা দেখা দিয়েছে অন্য জায়গায়। যেখান থেকে সে ঝাঁপ দিয়েছে ঠিক সেখানে সিসিটিভি ক্যামেরা নেই। ফলে সোয়া দুটো নাগাদ দেহ উদ্ধার হওয়ার ঠিক ১৩ মিনিট আগে কী হয়েছে সেই রহস্য এখনও অজানা রয়ে গিয়েছে। ওই সময়ে কী হয়েছিল তা জানতে পারলে স্কুল ছাত্রের মৃত্যু কীভাবে হয়েছিল তা স্পষ্ট হবে বলে মনে করছেন তদন্তকারীরা।

বুধবার ওই স্কুলের পড়ুয়া, শিক্ষক এবং কর্মী মিলিয়ে বেশ কয়েকজনকে জিজ্ঞাসাবাদ করা হয়েছে। ওই ছাত্রের পরিবারের অভিযোগ, স্কুলে মারধর করার পাশাপাশি প্রজেক্ট জমা না দেওয়ায় কান ধরিয়ে দাঁড় করিয়ে রাখা হয়েছিল শানকে। যদিও স্কুলের তরফে ইমেল মারফত পুলিশকে জানানো হয়েছে, ওই ছাত্র প্রজেক্ট জমা না দেওয়ায় তার বাবাকে বিষয়টি জানানোর কথা বলা হয়েছিল। এরপর ওই পড়ুয়াই খারাপ ব্যবহার করেছিল বলে দাবি করা হয়েছে স্কুলের তরফে। এই দাবি কতটা ঠিক, এরপর কী হয়েছিল তা জানতে এদিন ওই স্কুলের ৩ জন নন টিচিং স্টাফ, ২ জন পড়ুয়ার সঙ্গে কথা বলেন তদন্তকারীরা। সহপাঠীরা পুলিশকে জানিয়েছে, গত কয়েকদিন ধরেই শানের মধ্যে একটা পরিবর্তন তারা লক্ষ করছিল। তাদের বক্তব্য, ইদানীং কারও সঙ্গে সেভাবে কথা বলত না সে। এমনকী তারা জানিয়েছে স্টাফ রুমে ওই ছাত্রের সঙ্গে কোনওরকম খারাপ ব্যবহার করা হয়নি। এ বিষয়ে আরও তথ্য পেতে আজ, বৃহস্পতিবার শানের আরও কয়েকজন সহপাঠী এবং স্কুলের শিক্ষিকাদের জিজ্ঞাসাবাদ করা হবে বলে লালবাজার সূত্রের খবর।

এদিন, শেখ শানের দেহ যে জায়গায় উদ্ধার হয়েছে সেখানে ঘুরে দেখেন ফরেন্সিক বিশেষজ্ঞরা। ছিলেন ময়নাতদন্তকারী ও চিকিৎসকও। প্রথমেই তাঁরা কসবা থানায় পৌঁছন। সেখান থেকে যান স্কুলে। মৃতের পরিবার আগেই অভিযোগ জানিয়েছিল, স্কুলে মারধরের কারণে শরীরের একাধিক জায়গার হাড় ভেঙেছে ছেলের। কী কারণে এই আঘাত, তা জানতে এদিন ফরেন্সিক বিশেষজ্ঞ ও চিকিৎসকদের সঙ্গে কথা বলেন তদন্তকারীরা।

# বাসন্তী রাজ্য সড়কে বাসের মুখোমুখি বাইক, জখম ২৫



**এই সময়, ভাঙড়:** ফের দুর্ঘটনা বাসন্তী রাজ্য সড়কে। ভোজেরহাটের বৈরামপুরে এক বাইক আরোহীকে বাঁচাতে গিয়ে সজোরে রাস্তার ধারে গাছে ধাক্কা মারে দ্রুত গতির একটি বাস। বাসের যাত্রীরা সিট থেকে ছিটকে পড়েন। কারও মাথায় লাগে, কারও পায়ে। মোট ২২ জন যাত্রী জখম হয়েছেন। বাসের চালকের কেবিনটি দুমড়ে মুচড়ে যায়। গুরুতর জখম ড্রাইভার ও কনডাক্টর। বাইক আরোহীর অবস্থাও সঙ্কটজনক। আহত ২৫ জনের মধ্যে পাঁচ জনকে চিত্তরঞ্জন ন্যাশনাল মেডিক্যাল কলেজে ভর্তি করা হয়েছে।



দুর্ঘটনার পর এমনই লন্ডভন্ড চেহারা হয় বাসের ভিতরের — এই সময়

কলকাতা থেকে ঘটকপুকুরের দিকে যাচ্ছিল বটানিক্যাল গার্ডেন-ধামাখালি রুটের বাসটি। বুধবার দুপুর একটা নাগাদ ভোজেরহাটের বৈরামপুরের কাছে উল্টো দিক আসা একজন বাইক আরোহী একটি গাড়িকে ওভারটেক করতে গিয়ে একেবারে বাসের মুখোমুখি চলে আসেন। বাইক আরোহীকে বাঁচাতে গিয়ে বাসের চালক রাস্তার বাঁ পাশে গাড়ি ঘুরিয়ে দেন। তা করতে গিয়েই সজোরে ধাক্কা মারেন একটি গাছে। দ্রুত গতিতে যাওয়া বাসটি হঠাৎ ব্রেক কষায় বাসের মধ্যে ছিটকে পড়েন যাত্রীরা। ছাদের রড ভেঙে পড়ে। যাত্রীরা একে অপরের গায়ে গিয়ে পড়েন। কারও হাতে লাগে, কারও পা ভেঙে যায়, কারও মাথা দিয়ে রক্ত বেরোতে থাকে। চালকের কেবিন দুমড়ে মুচড়ে যায়। ড্রাইভার ও কনডাক্টরের চোট বেশ গুরুতর। ততক্ষণে ওই বাইক আরোহী তাঁর বাইক নিয়ে বাসের তলায় আটকে পড়েছেন। তাঁর অবস্থাও সঙ্কটজনক।

স্থানীয়রা দ্রুত উদ্ধারকাজে নেমে পড়েন। চলে আসে ভাঙড় ও কলকাতা লেদার কমপ্লেক্স থানার পুলিশ। আহতদের দ্রুত উদ্ধার করে নলমুড়ি গ্রামীণ হাসপাতালে পাঠানো হয়। ড্রাইভার, কনডাক্টর ও বাইক আরোহীর অবস্থা সঙ্কটজনক হওয়ায় তিন জনকে কলকাতার হাসপাতালে স্থানান্তরিত করতে হয়। বাকিদের নলমুড়ি গ্রামীণ হাসপাতালে চিকিৎসা চলছে। এ দিন খবর পেয়েই আসেন ভাঙড়ের ডিএসপি ক্রাইম এবং ভাঙড়-১ ব্লকের বিডিও দীপ্যমান মজুমদার। তিনি বলেন, 'আমরা স্থানীয়দের সহযোগিতায় সবাইকে উদ্ধার করে দ্রুত চিকিৎসার ব্যবস্থা করেছি।'

# থ্রু ট্রেন থেকে লাফ প্ল্যাটফর্মে, মৃত ছাত্রী

**এই সময়, বাগনান:** হাওড়া থেকে থ্রু ট্রেনে উঠেছিলেন শ্রাবন্তী ঘোষ (১৮)। জানতেন না দেউলটি গ্যালপিং স্টেশন। ট্রেন যখন দেউলটি পেরোচ্ছে, তখন দ্রুত গতির ট্রেন থেকে লাফিয়ে নামতে যান শ্রাবন্তী। ঘটনাটি মঙ্গলবার সন্ধ্যার। প্ল্যাটফর্মে পড়ে গুরুতর চোট পান বাগনানের কলেজ পড়ুয়া মেধাবী ছাত্রীটি। তাঁকে কলকাতার মল্লিকবাজারের একটি বেসরকারি হাসপাতালে ভর্তি

### দেউলটি

করা হয়। বুধবার হাসপাতালেই মারা যান শ্রাবন্তী। শ্রাবন্তীর মৃত্যুতে শোকের ছায়া নেমে এসেছে বাগনান-২ ব্লকের শরৎ গ্রাম পঞ্চায়েতের মেল্লক পূর্বপাড়ায়।

শ্রাবন্তীকে প্রথমে স্থানীয় একটি নার্সিংহোমে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হলে কলকাতার হাসপাতালে স্থানান্তরিত করা হয়। বুধবার ওই হাসপাতালেই মারা যান শ্রাবন্তী। ময়নাতদন্তের পর এ'দিন সন্ধ্যায় মৃতদেহ পরিবারের হাতে তুলে দেওয়া হয়। কৃতী ছাত্রী শ্রাবন্তী। এই বছর উচ্চমাধ্যমিকে বেশ কয়েকটি বিষয়ে লেটার মার্কস পেয়েছিলেন। তারপর উত্তর ২৪ পরগনার বারাসতের একটি বেসরকারি কলেজে কম্পিউটার অ্যানিমেশন নিয়ে ভর্তি হন। তাঁর বাড়ির কাছাকাছি স্টেশন বলতে দেউলটি। সেই দেউলটি থেকে প্রতিদিন ট্রেনে হাওড়া যেতেন শ্রাবন্তী। তারপর বাসে শিয়ালদহ। শিয়ালদহ থেকে ট্রেনে বারাসত। এই ছিল তাঁর নিত্য রুটিন। শরৎ গ্রাম পঞ্চায়েতের মেল্লক পূর্বপাড়ার পঞ্চায়েত সদস্য তরুণ দাস বলেন, 'অনেক ট্রেনই দেউলটি স্টেশনে দাঁড়ায় না। এদিকে শ্রাবন্তী মঙ্গলবার গ্যালপিং ট্রেনে উঠেছিল। সেই ট্রেন যখন দেউলটি স্টেশনে দাঁড়ায়নি, তখন চলন্ত ট্রেন থেকে লাফিয়ে প্ল্যাটফর্মে নামতে গিয়ে বিপদ ডেকে আনল।'

শ্রাবন্তী বাবা-মায়ের একমাত্র সন্তান। বাবা একটি বেসরকারি সংস্থায় চাকরি করেন। মেয়ের উপর অনেক আশা ছিল বাবা-মায়ের। বুধবার সন্ধ্যায় শ্রাবন্তীর মৃতদেহ বাড়িতে নিয়ে আসা হলে শোকের ছায়া নেমে আসে এলাকায়। মা-বাবা শোকে কার্যত পাথর হয়ে গিয়েছেন।

**লাক্স ইন্ডাস্ট্রিস লিমিটেড**

CIN: L17309WB1995PLC073053

নথিবদ্ধ কার্যালয়: ৩৯, কালী কৃষ্ণ টেগোর স্ট্রিট, কলকাতা- ৭০০ ০০৭

দূরভাষ: ০৩৩-৪০৪০২১২১, ফ্যাক্স: ০৩৩-৪০০১২০০১

ই-মেল: investors@luxinnerware.com, ওয়েবসাইট: http://luxinnerware.com

**২৮তম বার্ষিক সাধারণ সভার জন্য শেয়ার মালিকদের কাছে বিজ্ঞপ্তি**

এতদ্বারা জানানো হচ্ছে যে কোম্পানির ২৮তম (আঠাশতম) বার্ষিক সাধারণ সভা ('এজিএম') ভিডিও কনফারেন্সিং ('ভিসি')/ আদার অডিও-ভিস্যুয়াল মিনস ('ওএভিএম')-এর মাধ্যমে **২৯ সেপ্টেম্বর, ২০২৩ শুক্রবারে বেলা ১১:০০টা (ভারতীয় সময়)** থেকে সংঘটিত হবে, কোম্পানির আইন, ২০১৩-এর প্রযোজ্য নিয়মাবলী এবং সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ('সেবি') (লিস্টিং অবলিগেশনস অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশনস, ২০১৫-এর প্রযোজ্য নিয়মাবলী এবং কর্পোরেট অ্যাফেয়ার্স মন্ত্রকের ('এমসিএ') দেওয়া ৮ এপ্রিল, ২০২০, ১৩ এপ্রিল, ২০২০, ৫ মে, ২০২০ তারিখের সার্কুলারগুলি এবং এই সংক্রান্ত অন্যান্য সার্কুলারগুলি যার শেষতম সার্কুলারের তারিখ ২৮ ডিসেম্বর, ২০২২ (একসঙ্গে এরপরে 'এমসিএ সার্কুলার' বলে উল্লিখিত) এছাড়াও সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ('সেবি')-র দেওয়া ১২ মে, ২০২০, ১৫ জানুয়ারি, ২০২১, ১৩ মে ২০২২ এবং ৫ জানুয়ারি ২০২৩ (একসঙ্গে এরপরে 'সেবি সার্কুলার' বলে উল্লিখিত) অনুসারে সদস্য(গণ)-এর একটি সাধারণ জায়গায় শারীরিক ভাবে উপস্থিতি ছাড়াই সভার আয়োজন হয়েছে। সদস্য(গণ) এজিএমে শুধুমাত্র ভিসি/ওভিএম-এর মাধ্যমেই যোগ দিতে পারবেন।

এমসিএ সার্কুলার এবং সেবি সার্কুলারগুলি অনুসারে এজিএম-এর বিজ্ঞপ্তি এবং ২০২২-২৩ সালের বার্ষিক রিপোর্ট যাতে ২০২২-২৩ সালের স্ট্যান্ডঅ্যালোন এবং কনসোলিডেটেড আর্থিক বিবরণ এবং একই সঙ্গে ডিরেক্টরেদের বিবরণ, নিরীক্ষণকারীদের বিবরণ এবং অন্যান্য সংশ্লিষ্ট নথি অন্তর্ভুক্ত রয়েছে তা সমেত ৬ সেপ্টেম্বর ই-মেল মারফৎ কোম্পানির সদস্য যাদের ই-মেল কোম্পানি/ ডিপোজিটরি অংশীদার(গণ)দের কাছে নথিভুক্ত রয়েছে তাঁদের পাঠানো হয়েছে। আগে উল্লেখ করা নথিগুলি কোম্পানির ওয়েবসাইট **www.luxinnerwere.com** এবং স্টক এক্সচেঞ্জের ওয়েবসাইট, অর্থাৎ বিএসই লিমিটেড এবং ন্যাশনাল স্টক এক্সচেঞ্জ অফ ইন্ডিয়া লিমিটেডের ওয়েবসাইট যথাক্রমে **www.bseindia.com** এবং **www.nseindia.com**, এছাড়াও কোম্পানির নথিভুক্তিকরণ এবং হস্তান্তরের প্রতিনিধি, কেফিন টেকনোলজিস লিমিটেড (কেফিন)-এর ওয়েবসাইট **https://evoting.kfintech.com** অথবা **https://emeetings.kfintech.com**-এ পাওয়া যাবে।

কোম্পানি এজিএম-এর সময় তার সদস্যদের নিজ অধিকার অনুসারে প্রস্তাবিত সিদ্ধান্ত(গুলি) পাশ করানোর জন্য বৈদ্যুতিন মাধ্যমে ভোট দেওয়ার সুবিধা (ই-ভোটিং) প্রদান করবে। সদস্যরা ই-ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে তাঁদের ভোট দিতে পারেন এজিএম-এর জায়গা ছাড়া অন্য জায়গা থেকেও ভোট দিতে পারেন (রিমোট ই-ভোটিং)। কোম্পানি কেফিনকে রিমোট ই-ভোটিং-এর পরিষেবা দেওয়ার জন্য অনুমোদিত সংস্থা হিসেবে নিযুক্ত করেছে।

যে সব ব্যক্তিদের নাম কাট-অফ তারিখ অর্থাৎ **২২ সেপ্টেম্বর**, ২০২৩ (**শুক্রবার**)-এর দিন সদস্যদের/ সুবিধাজনক মালিকানায় থাকা মালিকদের রেজিস্টারে অন্তর্ভুক্ত থাকবে শুধুমাত্র তাঁরাই রিমোট ই-ভোটিং একই সঙ্গে সভার সময় ই-ভোটিং-এর সুবিধা পাবেন।

রিমোট ই-ভোটিং **২৫ সেপ্টেম্বর, ২০২৩ (সোমবার) সকাল ৯:০০টা (ভারতীয় সময়) থেকে ২৮ সেপ্টেম্বর, ২০২৩ (বৃহস্পতিবার) বিকেল ৫:০০টা (ভারতীয় সময়)** পর্যন্ত চলবে। এই তারিখ ও সময়সীমার বাইরে কোনও রিমোট ই-ভোটিং গ্রহণ করা হবে না।

যে ব্যক্তি কোম্পানির শেয়ার(গুলি) অর্জন করে আছেন এবং নোটিশ পাঠানোর পরে সদস্য হয়েছেন এবং কাট-অফ তারিখে শেয়ার ধারণ করে আছেন, তিনি নীচে উল্লিখিত পদ্ধতি অনুযায়ী ব্যবহারকারী আইডি এবং পাসওয়ার্ড পেতে পারেন।

- সদস্যরা কেফিনের ই-মেল আইডি **evoting@kfintech.com**-এ একটি অনুরোধ পাঠাতে পারেন বা কেফিনের টোল ফ্রি নম্বর ১-৮০০-৩০৯৪-০০১- এ ফোন করতে পারেন।
- যদি সদস্য(দের) ই-মেল আইডি বা ফোন নম্বর ফোলিও নং/ ডিপি আইডি ক্লায়েন্ট আইডি অনুযায়ী নিবন্ধিত হয়, তাহলে **https://evoting.kfintech.com**-এর হোম পেজে, সদস্যরা 'Forgot password'-এ ক্লিক করতে পারেন এবং ফোলিও নং বা ডিপি আইডি ক্লায়েন্ট আইডি এবং প্যান নম্বর লিখে পাসওয়ার্ড তৈরি করতে পারেন।
- অতঃপর, যদি ব্যক্তিটি ইতিমধ্যেই রিমোট ই-ভোটিং-এর জন্য কেফিনে নিবন্ধিত হয়ে থাকেন, তাহলে তাঁদের কোনও নতুন ব্যবহারকারী আইডি এবং পাসওয়ার্ড পাওয়ার প্রয়োজন ছাড়াই বিদ্যমান ব্যবহারকারী আইডি এবং পাসওয়ার্ড ব্যবহার করেই তাঁরা তাঁদের ভোট দিতে পারবেন।

কোম্পানি ভিসি/ ওএভিএম সুবিধা প্রদান করবে যাতে সদস্য(গণ) এজিএমে যোগ দিতে সক্ষম হন। যে সব সদস্য(গণ) এজিএম-এ অংশগ্রহণের অধিকারী তাঁরা তাঁদের রিমোট ই-ভোটিং শংসাপত্র ব্যবহার করে **https://evoting.kfintech.com**-এ কেফিনের ওয়েবসাইটে লগইন করে এজিএম-এ অংশ নিতে পারেন বা এজিএম-এর লাইভ ওয়েবকাস্ট দেখতে পারেন।

এছাড়াও, ই-ভোটিংয়ের সুবিধা এজিএম-এর সময়ে উপলব্ধ করা হবে (ইন্সটা পোল-এর মাধ্যমে) এবং সভায় উপস্থিত থাকা যে সদস্য(গণ) রিমোট ই-ভোটিং দ্বারা তাঁদের ভোট দেননি, তাঁরা ইন্সটা পোল-এর মাধ্যমে এজিএম-এর সময়ে তাঁদের ভোট দিতে পারবেন।

যে সদস্যরা এজিএম-এর আগে রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে তাঁদের ভোটাধিকার প্রয়োগ করেছেন তাঁরাও সভায় যোগ দিতে পারবেন কিন্তু এজিএম-এর সময়ে তাঁরা পুনরায় ভোট দিতে পারবেন না।

রিমোট ই-ভোটিং সম্পর্কিত কোনও অভিযোগ থাকলে, বা সভায় উপস্থিত থাকার বিষয়ে কোনও সহায়তার ক্ষেত্রে অনুগ্রহ করে যোগাযোগ করুন: মিঃ রাভুরি বিজয়, কেফিনের ডেপুটি ম্যানেজার, সেলেনিয়াম বিল্ডিং, টাওয়ার বি, প্লট ৩১ এবং ৩২, গাচিবাউলি, ফিন্যান্সিয়াল ডিসট্রিক্ট, নানকরামগুদা, হায়দরাবাদ - ৫০০০৩২, ই-মেল আইডি **evoting@kfintech.com** এবং যোগাযোগ নম্বর ০৪০-৬৭১৬২২২-এ।

ই-মেল অ্যাড্রেস নথিভুক্ত/ নবীকরণের জন্য সদস্য(গণ) কোম্পানির ওয়েবসাইট **www.luxinnerwere.com**-এর ইনভেস্টর সেকশনে গিয়ে "Investors > Notice & Forms for shareholders" পথ অনুযায়ী গিয়ে উল্লেখ করা প্রক্রিয়া অনুসারে কাজটি করতে পারেন।

লাক্স ইন্ডাস্ট্রিস লিমিটেডের পক্ষে
স্বাক্ষর
স্মিতা মিশ্র
কোম্পানি সেক্রেটারি এবং কমপ্লিয়েন্স অফিসার
এম নং: এসিএস২৬৪৮৯

তারিখ: ০৭ সেপ্টেম্বর, ২০২৩
স্থান: কলকাতা